GLOBAL CENTER ON ADAPTATION

2023 LOCAL ADAPTATION **CHAMPIONS AWARDS**

এখানে আবেদন করুন



# লোকাল অ্যাডাপ্টেশন চ্যাম্পিয়ন্স অ্যাওয়ার্ডস ২০২৩

# আবেদনের নির্দেশিকা

# অ্যাওয়ার্ডস সম্পর্কিত

## 2023 LOCAL ADAPTATION **CHAMPIONS AWARDS**

জিসিএ লোকাল অ্যাডাপ্টেশন চ্যাম্পিয়ন্স অ্যাওয়ার্ডস ২০২৩ এর উদ্দেশ্য হল স্থানীয় জনগোষ্ঠীর নেতৃত্বে বাস্তবায়িত সৃজনশীল, অনুপ্রেরণামূলক এবং সম্ভাবনাময়ী কাজ, যা জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে এবং তার বিরুদ্ধে সহনশীলতা বৃদ্ধি করতে সহায়তা করে, সে সব কাজকে বিশ্বের কাছে তুলে ধরা। ২০২২ সালে তুমুল সাড়া পাওয়ার পর, বিশ্ববাসীকে স্থানীয় জনগণের অনুপ্রেরণামূলক কাজের বিষয়ে জানানোর আমাদের এই ধারা কে অব্যাহত রেখে এই বছর আমরা আবার এই অ্যাওয়ার্ড চালু করতে যাচ্ছি নতুন কিছু ক্যাটেগরি নিয়ে।

### কারা আবেদন করতে পারবে?

বিশ্বব্যাপী যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান, অথবা গ্রুপ অফ পার্টনার্স, যারা জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে খাপ খাইয়ে নেওয়া এবং তার বিরুদ্ধে সহনশীলতা বৃদ্ধি করতে কাজ করেছেন বা করছেন, তারা এই অ্যাওয়ার্ড এর জন্য আবেদন করতে পারেন।

### আবেদনের শেষ সময়

আবেদন পত্র জমা দেওয়ার সময়সীমা ১-৩১ আগস্ট ২০২৩।

### ২০২৩ সালের পুরস্কার

**২০ জন মনোনীত প্রার্থী**

বাছাইকৃত প্রথম ২০ জন আবেদনকারী উপভোগ করতে পারবেন সোশ্যাল মিডিয়া পাবলিসিটি।

**৪ জন বিজয়ী**
**জনপ্রতি ১৫,000 ইউরো**

চারজন বিজয়ী পাবেন ১৫,000 ইউরো নগদ ক্যাস এবং নভেম্বর ৩০ থেকে ১২ ডিসেম্বর পর্যন্ত দুবাইতে অনুষ্ঠিত কপ২৮ সম্মেলনে আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যোগদানের সুযোগ।

নগদ ক্যাস প্রদানের পর বিজয়ীদের একটি প্রস্তাবনা জমা দিতে হবে যাতে উল্লেখ থাকবে পুরস্কৃত অর্থ তারা কিভাবে ব্যবহার করতে চান। আগামী এক বছরে প্রস্তাবিত প্ল্যান মতাবেক তারা কিভাবে পুরস্কৃত অর্থ ব্যয় করছেন তার মনিটরিং রিপোর্টও প্রদান করতে হবে। প্রস্তাবিত কার্যক্রমের মনিটরিং সঠিকভাবে করার জন্য ডিএআই গ্লোবাল ভিডিও কল, ডিজিটাল সার্ভে ইত্যাদির মাধ্যমে বিজয়ীদের সহায়তা করবে।

ADAPTATION FUND

### ২০২৩ লোকাল অ্যাডাপ্টেশন চ্যাম্পিয়ন্স অ্যাওয়ার্ডস এ অ্যাডাপ্টেশন ফান্ড এর যোগদান

বিজয়ীদের অ্যাডাপ্টেশন ফান্ড এর পক্ষ থেকে স্পনসর করা হবে তাদের আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে (যেমন বার্ষিক সেমিনার, দক্ষতা বৃদ্ধি বিষয়ক দ্বিপাক্ষিক আলোচনা ইত্যাদি) বক্তা হিসেবে অংশগ্রহণ করার জন্যে। উক্ত অনুষ্ঠানসমূহে অংশগ্রহণ এর মাধ্যমে বিজয়ীরা সুযোগ পাবে আন্তর্জাতিক পর্যায়ে জলবায়ু অভিযোজন বিষয়ক প্রকল্প গঠন এবং বাস্তবায়নের সাথে নিয়োজিত ব্যক্তি এবং প্রতিষ্ঠানের সামনে তাদের জ্ঞান এবং অভিজ্ঞতা তুলে ধরার।
অ্যাডাপ্টেশন ফান্ড সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন: **https://www.adaptation-fund.org/**

# অ্যাওয়ার্ডের **ক্যাটেগরিসমূহ**

## সক্ষমতা **বৃদ্ধি**

সেই সকল সৃজনশীল উদ্যোগ বা কাজ এই ক্যাটেগরির অন্তর্ভুক্ত যা স্থানীয় জনগোষ্ঠী, সরকার বা অন্যান্য প্রতিষ্ঠানের চলমান এবং কাজের মাধ্যমে সৃষ্ট সক্ষমতা বৃদ্ধির প্রক্রিয়াকে সহায়তা করে। এই সকল সৃজনশীল কার্যক্রম গুলো হতে হবে স্থানীয় জনগণের চাহিদার উপর ভিত্তি করে; শুধুমাত্র কোন প্রকল্পের সময়সীমা পর্যন্ত সীমাবদ্ধ নয় বরং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি; প্রযুক্তি ভিত্তিক এবং প্রাতিষ্ঠানিক ভিত্তি (যেমন সহযোগী নেতৃত্ব, আস্থা, এবং নেটওয়ার্ক ব্যবস্থাপনা) তৈরি এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলোর স্বয়ংক্রিয় দক্ষতা বৃদ্ধির মাধ্যমে যেন দীর্ঘমেয়াদি ফলাফল বয়ে আনে। এই ধরনের কাজের কয়েকটি উদাহরণ হতে পারে- স্থানীয় প্রতিষ্ঠান গুলোর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি,স্থানীয় জনগোষ্ঠীর মাঝে পারস্পারিক আলোচনা এবং শেখার ব্যবস্থা করা, এবং স্থানীয় নেতৃত্ব তৈরিতে সহায়তা করা।


বেসরকারী প্রতিষ্ঠান (স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে), শিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান, বিভিন্ন দেশের সরকার এবং শিল্পোদ্যোগে সহায়তা করে এই জাতীয় প্রতিষ্ঠান উক্ত ক্যাটেগরিতে আবেদন করতে পারবেন।



## ব্যবসাভিত্তিক **অভিযোজন**

এই ক্যাটেগরিটি ক্ষুদ্র এবং বড় সেই সকল ব্যবসাভিত্তিক প্রতিষ্ঠানের জন্য যারা স্থানীয় সরকার এবং জনগণের অভিযোজনমূলক কাজে নেতৃত্ব তৈরিতে সহায়তা করেছে; নারী, যুব, শিশু, প্রতিবন্ধি, আদিবাসী এবং তৃনমূলের মানুষের প্রতি সমাজে বিদ্যমান ভেদাভেদকে দূর করতে সহায়তা করেছে, এবং/ অথবা সমাজের এই সকল ভেদাভেদকে কমিয়ে আনতে পারে এরকম অভিযোজনমূলক কাজ বা প্রযুক্তিকে তৈরি করতে বা মানুষের হাতের নাগালে আনতে সাহায্য করেছে।

আমরা আবেদন করতে আমন্ত্রণ জানাচ্ছি সে সকল ক্ষুদ্র, মাঝারি বা বড় এন্টারপ্রাইজ, প্রযুক্তি বা অ-প্রযুক্তি ভিত্তিক এন্টারপ্রাইজ, কর্পোরেট ইত্যাদি যাদের ব্যবসার মূল বিষয় হল জলবায়ু পরিবতনের প্রভাবের সাথে অভিযোজন।



# অ্যাওয়ার্ডের **ক্যাটেগরিসমূহ**

## নেতৃত্বে **নারী**

এই ক্যাটেগরিটি স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের সে সকল নারীর জন্য যারা স্থানীয় জনগোষ্ঠীর জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাবের সাথে খাপ খাইয়ে নেওয়া এবং তার বিরুদ্ধে সহনশীলতা বৃদ্ধি করতে সহায়তা করে এমন কাজের ডিজাইন এবং বাস্তবায়নে সামনে থেকে নেতৃত্ব দেয়।



আমরা আবেদন করতে আমন্ত্রণ জানাচ্ছি সেই সব নারীকে বা নারীর পক্ষে যারা স্থানীয় জনগোষ্ঠী, সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান (স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ), শিক্ষা প্রতিষ্ঠান, প্রাইভেট সেক্টর ( ক্ষুদ্র, মাঝারি এন্টারপ্রাইজ, কর্পোরেট,শিল্প প্রতিষ্ঠান, শিল্পোদ্যোগ ইত্যাদি ) এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের হয়ে জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে সামনে থেকে নেতৃত্ব দিচ্ছেন।

## **স্থানীয় পর্যায়ে আর্থিক নিয়ন্ত্রণ হস্তান্তরে** সৃজনশীলতা

এই ক্যাটেগরিটি সেই সকল প্রতিষ্ঠান বা কার্যক্রমের জন্য যারা/যা স্থানীয় পর্যায়ে অভিযোজনের জন্য দীর্ঘমেয়াদী, অনুমানযোগ্য এবং সহজ শর্তে অর্থ সহায়তা প্রদানকারি ভিন্নধর্মী ও সৃজনশীল মডেল ব্যবহার করে। মডেলটি এমন হতে হবে যেন প্রদানকৃত অর্থ ব্যবহার করে স্থানীয় জনগণ সেই জনগোষ্ঠীতে বিদ্যমান জলবায়ু পরিবর্তনের ঝুঁকি গুলো নিজেরা চিহ্নিত করতে পারে, কিভাবে সে ঝুঁকি হ্রাস করা যায় সেসকল সমাধান খুজে বের করতে পারে এবং কোন সমাধানকে অগ্রাধিকার দিতে হবে তা নিজেরাই নির্ধারণ করতে পারে।



আমরা আবেদন করতে আমন্ত্রণ জানাচ্ছি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান (ঋণ সংস্থা, বীমা সংস্থা, কমার্শিয়াল ব্যাংক, বিনিয়োগ ব্যাংক, কেন্দ্রীয় ব্যাংক, উন্নয়ন ব্যাংক অথবা এজাতীয় অন্য আর্থিক প্রতিষ্ঠান ), প্রাইভেট সেক্টর (এমএসএমই, শিল্পোদ্যোগ সহযোগী প্রতিষ্ঠান, কর্পোরেট, শিল্প-বিষয়ক অঙ্গসংস্থা ইত্যাদি ), অনানুষ্ঠানিক আর্থিক সংস্থা, এবং অভিযোজন বিষয়ক স্থানীয় ফান্ডকে ( জলবায়ু পরিবর্তন বিষয়ক ফান্ড, স্রকারি তহবিল, স্থানীয়, জাতীয় এবং, আন্তর্জাতিক বেসরকারি প্রতিষ্ঠান )।

# অ্যাওয়ার্ডের **সময়সীমা**

**১ আগস্ট**
**আবেদন**
আবেদন গ্রহণের সময় শুরু

**১৫ আগস্ট**
**প্রশ্নোত্তর**
অনলাইনে আবেদনকারীদের জন্য লাইভ প্রশ্ন উত্তর পর্ব

**৩১ আগস্ট**
**আবেদন গ্রহণের সময় সমাপ্তি**
প্রাথমিক বাছাই প্রক্রিয়া শুরু

**১-৮ সেপ্টেম্বর**
**বিস্তারিত তথ্য প্রদানের সময় শুরু**
বাছাইকৃত সেরা ২০ জন আবেদনকারীদের বিস্তারিত তথ্য প্রদানের সময় শুরু

**১১-২৮ সেপ্টেম্বর**
**দ্বিতীয় ধাপের বাছাই পর্ব শুরু**
টেকনিক্যাল এডভাইসরি গ্রুপের বাছাইপর্ব শুরু

**৩ অক্টোবর**
**বাছাইকৃত সেরা ২০ জন আবেদনকারীর নাম প্রকাশ**
জিসিএ এর বিভিন্ন যোগাযোগ মাধমে বাছাইকৃত সেরা ২০ জন আবেদনকারীর নাম প্রকাশ

**১২-২৭ অক্টোবর**
**চূড়ান্ত পর্যালোচনা**
সম্মানিত জুরির মাধ্যমে বিজয়ী নির্ধারণ

**৩০ নভেম্বর- ১২ ডিসেম্বর**
**পুরস্কার বিতরণী অনুষ্ঠান**
সংযুক্ত আরব আমিরাতের দুবাই শহরে অনুষ্ঠিত কপ২৮ সম্মেলনে বিজয়ীদের নাম ঘোষণা

# বাছাইয়ের শর্ত

## অনুরোধকৃত তথ্যসমূহ

আবেদনপত্রটিতে বেশ কিছু প্রশ্ন আছে এবং তার উত্তর হিসেবে বিভিন্ন ফাইল আপলোড করার সুযোগ আছে। নিম্নলিখিত বিষয় সহকারে সবগুলো প্রশ্নের উত্তর দিয়েছেন কিনা তা নিশ্চিত করুন –

লিখিতভাবে গল্পের আকারে আপনার প্রস্তাবিত সবাধান/ প্রকল্প বিষয়ে জানান

একটি ছোট ভিডিওঃ সর্বোচ্চ ২ মিনিটের একটি ভিডিও এর মাধ্যমে আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্পের ফলাফল ভোগকারীদের ইন্টার্ভিউ, প্রস্তাবিত কাজের মূল বিবরণী, এবং সে বিষয়ক ছবি তুলে ধরুন। ধারণকৃত ভিডিওটি খুব উচ্চমানের হওয়া আবশ্যক নয়। মুঠোফোনে ধারণকৃত সাধারণ বিবরণী সহ ভিডিও সমানভাবে গন্য হবে।

আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্প সম্পর্কিত ছবি, তথ্যচিত্র বা অন্য যে কোন তথ্য প্রদান করুন। ছবিগুলো খুব উচ্চমানের হওয়া আবশ্যক নয়। বরং এমন ছবি প্রদান করুন যা বাস্তব অবস্থাকে সঠিক ভাবে তুলে ধরে এবং ভিডিও এর সাথে সামঞ্জস্যপূর্ণ।

অসম্পূর্ণ আবেদনপত্র অযোগ্য বলে গন্য হবে।

## বাছাইকরণ প্রক্রিয়া কিভাবে সম্পন্ন হবে?

নিম্ন লিখিত পাঁচটি মূল নির্ণায়ক অনুযায়ী পয়েন্ট প্রদানের মাধ্যমে আবেদনপত্র বাছাই করা হবে-

- **কার্যকারিতা এবং স্থানীয় জনগোষ্ঠীর উপর প্রভাব**
- **মাপযোগ্যতা এবং অনুকরনযোগ্যতা (ইতিমধ্যে অনুকরণ করা হয়েছে বা ভবিষ্যতে অনুকৃত হওয়ার সুযোগ আছে)**
- **পুরস্কৃত অর্থের প্রত্যাশিত ব্যবহার**
- **স্থানীয় পর্যায়ের ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কাছে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা হস্তান্তরিত হয়েছে**
- **লিঙ্গ এবং সামাজিক অন্তর্ভুক্তি**

বাছাইকৃত প্রথম ২০ জন আবেদনকারী (প্রতি ক্যাটেগরি হতে ৫ জন) দ্বিতীয় পর্বের বাছাইপ্রক্রিয়া তে যাওয়ার জন্য মনোনীত হবে এবং তাদেরকে প্রস্তাবিত সমাধান/ প্রকল্প বিষয়ক আর তথ্য দেওয়ার জন্য অনুরোধ করা হবে।

পরবর্তী ধাপে প্রতিটি ক্যাটেগরির জন্য গঠনকৃত টেকনিক্যাল এডভাইসরি গ্রুপ বাছাইকৃত প্রথম ২০ টি আবেদনকে পর্যালোচনা করবে। টেকনিক্যাল এডভাইসরি গ্রুপ প্রতি ক্যাটেগরি হতে সেরা ২ টি আবেদন বাছাই করবে, যা হতে গঠনকৃত সম্মানিত জুরি চূড়ান্ত পর্যায়ে বিজয়ীদের নির্বাচিত করবে।

## আমি কি আবেদন করতে পারব?

**আপনি আবেদন করতে পারবেন যদি নিম্নোলিখিত বিষয়গুলো আপনার জন্য প্রযোজ্য হয়-**

- ✓ আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্পটি জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাবকে মকাবেলা করতে এবং সময়ের সাথে সাথে সহিষ্ণুতা বৃদ্ধিতে সহায়তা করে। সরাসরি ভাবে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সহায়তা করেনা তবে স্থানীয় জনগোষ্ঠীর সহনশীলতা বৃদ্ধিতে সাহায্য করে সেসকল উদ্যোগ কেও আমরা আবেদন হিসেবে গ্রহন করছি।
- ✓ আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্পটি স্থানীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তনের প্রভাবের প্রতি সব থেকে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে মাথায় রেখে তৈরি করা।
- ✓ আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্পটি স্থানীয় জনগোষ্ঠীর নেতৃত্বে গঠিত এবং বাস্তবায়িত এবং আটটি লোকা্লি লেড অ্যাডাপ্টেশন প্রিন্সিপ্যালের অন্তত একটির সাথে সামঞ্জস্যপূর্ণ।
- ✓ আপনার প্রস্তাবিত সমাধানটি উক্ত অ্যাওয়ার্ড এর চারটি ক্যাটাগরির মধ্যে অন্তত একটির অন্তর্ভুক্ত
- ✓ আপনার প্রস্তাবিত সমাধানটি ইতিমধ্যে বাস্তবায়িত হয়েছে অথবা বর্তমানে বাস্তবায়িত হচ্ছে এবং তার আশাব্যঞ্জক ফলাফল ইতিমধ্যে বিদ্যমান।
- ✓ আপনার প্রস্তাবিত সমাধানটি অবশ্যই নিম্নোলিখিত ৪ টি ক্যাটাগরির একটির অন্তর্ভুক্ত হতে হবে-
  - সক্ষমতা বৃদ্ধি
  - ব্যবসাভিত্তিক অভিযোজন
  - স্থানীয় পর্যায়ে আর্থিক নিয়ন্ত্রণ হস্তান্তরে সৃজনশীলতা
  - নেতৃত্বে নারী

কোন আবেদনকারী যদি মনে করেন তার প্রস্তাবিত সমাধানটি একাধিক ক্যাটাগরির অন্তর্ভুক্ত, তাহলে সে দ্বিতীয় প্রযোজ্য ক্যাটাগরিটি সিলেক্ট করতে পারে। তবে, বাছাইকারীরা যদি মনে করেন তার প্রস্তাবিত সমাধানটি দ্বিতীয় ক্যাটেগরির অধীনে হওয়া বেশি যুক্তিযুক্ত, সেক্ষেত্রে তারা আবেদনকারীকে ক্যাটেগরির অগ্রাধিকার তালিকা পুনরায় বিবেচনা করার সুযোগ দিবেন।



# সচরাচর জিজ্ঞাসিত **প্রশ্ন**

### জিসিএ লোকাল অ্যাডাপ্টেশন চ্যাম্পিয়নস অ্যাওয়ার্ডস কি?

জিসিএ লোকাল অ্যাডাপ্টেশন চ্যাম্পিয়নস অ্যাওয়ার্ডস এর উদ্দেশ্য হল স্থানীয় জনগোষ্ঠীর নেতৃত্বে বাস্তবায়িত সৃজনশীল, অনুপ্রেরণামূলক এবং সম্ভাবনাময়ী কাজ, যা জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে এবং তার বিরুদ্ধে সহনশীলতা বৃদ্ধি করতে সহায়তা করে, সে সব কাজকে বিশ্বের কাছে তুলে ধরা।

### অ্যাওয়ার্ড এর পুরস্কার কি?

বাছাইকৃত শীর্ষ ২০ জন আবেদনকারী উপভোগ করতে পারবেন সোশ্যাল মিডিয়া পাবলিসিটি। চারজন বিজয়ী পাবেন ১৫,000 ইউরো নগদ টাকা এবং নভেম্বর ৩০ থেকে ১২ ডিসেম্বর পর্যন্ত দুবাইতে অনুষ্ঠিত কপ২৮ সম্মেলনে আয়োজিত অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে যোগদানের সুযোগ।

### প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন কারা?

বিশ্বব্যাপী যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান, অথবা গ্রুপ অফ পারটনারস, যারা জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে খাপ খাইয়ে নেওয়া এবং তার বিরুদ্ধে সহনশীলতা বৃদ্ধি করতে কাজ করেছেন বা করছেন, তারা এই অ্যাওয়ার্ড এর জন্য আবেদন করতে পারেন।

আপনি যদি কোনো প্রতিষ্ঠান বা গ্রুপ অফ পার্টনার এর প্রতিনিধিত্ব করেন, তাদের পক্ষে আবেদন জমা দেয়ার জন্যে প্রাতিষ্ঠানিক অনুমতি নিশ্চিত করুন।

.

### কিভাবে আবেদন করবো?

অনলাইন আবেদনপত্রের জন্যে জিসিএ এল এল এ অ্যাওয়ার্ডস র ওয়েবসাইটে গিয়ে “Apply now” এ ক্লিক করুন

## আবেদন সংক্রান্ত প্রশ্ন

### আবেদন জমা দেওয়ার সময়সীমা কি?

১-৩১ আগস্ট ২০২৩ এর মধ্যে আবেদনপত্র জমা দেয়া যাবে।

### কি ধরনের তথ্য জমা দিতে হবে?

আপনার কাজ সম্পর্কিত:

- সংক্ষিপ্ত বর্ণনা
- ছবি অথবা ইনফোগ্রাফিকস
- সর্বোচ্চ দুই মিনিট এর একটি ভিডিও

আপনার কাজকে সৃজনশীল ভাবে তুলে ধরার চেষ্টা করবেন। মনে রাখবেন আমরা আপনার গল্প শুনতে চাই। কাজ এর অফিসিয়াল ডকুমেন্ট এর ভাষা হুবুহু অনুকরণ করা থেকে বিরত থাকুন। বরং, আপনি কি করেছেন, কিভাবে করেছেন এবং এই কাজ এর ফলে কি ইতিবাচক পরিবর্তন হয়েছে, তা নিজ ভাষায়, গল্পের আকারে উপস্থাপন করবেন।

### ভিডিও কি ধরণের হবে?

ভিডিও সর্বোচ্চ ২ মিনিটের হতে হবে। ভিডিওটি এমন হতে হবে যাতে আপনার কৃতিত্ব সম্পর্কে আমরা আরও ভালো ধারণা পেতে পারি। যেমন, আপনার কাজের মাধ্যমে উপকৃত জনগোষ্ঠীর সাক্ষাৎকার থাকতে পারে। অথবা আপনার প্রস্তাবিত সমাধান এর ফুটেজও হতে পারে। ভিডিও খুব প্রফেশনাল বা হাই কোয়ালিটি হওয়াটা প্রয়োজনীয় নয়। আপনার মোবাইল ফোনে ধারণ করা ভিডিও হলেই হবে। গুরুত্বপূর্ণ হলো যে ভিডিও টি আপনার গল্প কে পরিপূরক করে এবং আপনার কাজের প্রভাব সম্পর্কে বুঝতে আমাদের সাহায্য করে। আপনার ভিডিওর ফাইলসাইজ সর্বোচ্চ ৩০ এমবি হতে পারবে।

## ছবি বা ইনফোগ্রাফিকস কি ধরণের হবে?

ছবি এবং ইনফোগ্রাফিকস প্রফেশনাল এবং উচ্চ রিসোলিউশন এর হওয়াটা বাধ্যতামূলক নয়। বরং ফটো বা ইনফোগ্রাফিক গুলি আপনার দেয়া সংক্ষিপ্ত বর্ণনা এবং ভিডিওর সাথে সম্পূরক হতে হবে। এক্ষেত্রে আপনার উদ্যোগের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নকারী দল এবং আপনার কাজ সংক্রান্ত কোনো প্রোডাক্ট এর ছবি ব্যবহার করতে পারেন। ছবির মাধ্যমে আপনার উদ্যোগের আগে এবং পরের পরিস্থিতি, অথবা আপনার কাজের বিবর্তন প্রদর্শন করতে পারেন। ইনফোগ্রাফিকস এর ক্ষেত্রে, আপনার কাজের প্রক্রিয়া, এলাকার মানচিত্র, বিভিন্ন ডায়াগ্রাম ইত্যাদি দেখাতে পারেন।

ছবি বা ইনফোগ্রাফিকস আবেদনের সাথে অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে কোনো সীমাবদ্ধতা নেই।

## আমি যদি শীর্ষ ২০ এ নির্বাচিত হই, তারপর কি?

যদি আপনি পুরস্কারের শীর্ষ ২০ নির্বাচিতগণের মধ্যে অন্তর্ভুক্ত হন, আপনার ভিডিও, ফটো বা ইনফোগ্রাফিকগুলি অ্যাওয়ার্ডস এর প্রচারণার কাজে ব্যবহার করার জন্য আমরা আপনার পক্ষ থেকে অনুমতি অনুরোধ করতে পারি। আপনার ভিডিও/ফটোতে যারা উপস্থিত হচ্ছেন, তাদের ছবি বা ভিডিও ধারণ করার আগে অনুগ্রহ করে তাদের কাছ থেকে অনুমুতি নিশ্চিত করুন।

## আমি কি ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষায় আবেদনপত্র পূরণ করতে পারি?

হ্যাঁ, আপনি আপনার পছন্দের ভাষায় আবেদন জমা দিতে পারেন, কিন্তু এক্ষেত্রে ইংরেজি, ফরাসি, স্প্যানিশ অথবা পর্তুগিজ ভাষায় আপনার ভিডিওর জন্য ট্রান্সক্রিপ্ট বা সাবটাইটেল প্রদান করতে হবে। উপরে উল্লিখিত ভাষাগুলির বাইরে অন্য কোনো ভাষায় জমা দেওয়া লেখা মেশিন-অনুবাদ করা হবে, যার ফলে অর্থহীনতা এবং অশুদ্ধির উৎপত্তি হতে পারে।

## আমি কি অফলাইনে ফর্মটি পূরণ করতে পারি?

অফলাইনে ফর্ম পূরণ করা যাবেনা। কিন্তু আপনি ওয়েবসাইট থেকে ফর্মের একটি কপি ডাউনলোড করে অফলাইনে উত্তরগুলি প্রস্তুত করতে পারেন। আপনি যদি একই কম্পিউটার এবং ইন্টারনেট ব্রাউজার ব্যবহার করে থাকেন, তাহলে আপনি অনলাইন এ ফর্ম পূরণ শুরু করে সেভ করতে পারবেন এবং পরবর্তীতে ফিরে এসে ফর্ম পূরণ কমপ্লিট করতে পারবেন। একবার জমা দেওয়ার পর, আপনি আপনার আবেদনপত্র পরিবর্তন করতে পারবেন না।

## আমি কি একই কাজের জন্য একাধিক আবেদন জমা দিতে পারি?

না। প্রতিটি কাজের বিপরীতে আপনি কেবল একটি আবেদন জমা দিতে পারেন। আপনি যদি মনে করেন যে আপনার আবেদন দুটি ক্যাটেগরির জন্যে প্রযোজ্য, তবে সেইটা দ্বিতীয় চয়েস ক্যাটাগরি হিসেবে উল্লেখ করতে পারেন। মনে রাখবেন আপনার প্রতিষ্ঠানের পক্ষ হতে একজন ব্যক্তি কেবল একটি করে আবেদন জমা দিতে পারবে।

## আমি কি একাধিক কাজের জন্য আবেদন জমা দিতে পারি?

হ্যাঁ। আপনি যদি একাধিক উদ্যোগের সাথে নিয়োজিত থাকেন, প্রতিটি উদ্যোগের জন্য আপনাকে আলাদা করে আবেদন জমা দিতে হবে।

## লোকালি লেড এডাপটেশন এর আট টি মূলনীতি কি?

লোকালি লেড এডাপটেশন এর আট টি মূলনীতি হলো:

1 স্থানীয় পর্যায়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা হস্তান্তর
2 নারী, যুব, শিশু, প্রতিবন্ধি, আদিবাসী এবং তৃনমূলের মানুষের সমাজে বিদ্যমান ভেদাভেদ দূর করা
3 দীর্ঘমেয়াদী, অনুমানযোগ্য এবং শিথিল শর্তে আর্থিক সহায়তা প্রদানকরণ
4 স্থানীয় জনগোষ্ঠীর দীর্ঘস্থায়ী সক্ষমতা বৃদ্ধি
5 জলবায়ু পরিবর্তন এর ঝুঁকি এবং অনিশ্চয়তা বিষয়ে পুরোদস্তর ধারণা সৃষ্টি করা
6 পরিবর্তনশীল এবং স্বয়ংক্রিয় কার্যপ্রক্রিয়া
7 স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা
8 সহযোগিতামূলক কর্ম এবং বিনিয়োগ

## কি ধরণের উদ্যোগ আবেদনের যোগ্য?

স্থানীয় জনগোষ্ঠীর অভিযোজন এবং সহিষ্ণুতা বৃদ্ধি করে এমন যে কোনো কাজ আবেদন এর জন্য প্রযোজ্য। যে সকল প্রক্রিয়া বা কাজ, ব্যক্তি এবং সিস্টেমকে জলবায়ু পরিবর্তন এর ঝুঁকিপূর্ণ প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে সহায়তা করে, তাকে অভিযোজন বলা হয়। অন্যদিকে, ব্যক্তি বা সিস্টেম এর জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাব কে অনুধাবন করার, খাপ খাইয়ে নেয়ার এবং দ্রুত পুনর্বাসন করার ক্ষমতাকে সহিষ্ণুতা বলা হয়।

### আবেদন করার ন্যূনতম ক্রাইটেরিয়া কি কি?

আপনি আবেদন করতে পারবেন যদি নিম্নোলিখিত বিষয়গুলো আপনার জন্য প্রযোজ্য হয়-

- আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্পটি জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে এবং তার বিরুদ্ধে সহনশীলতা বৃদ্ধি করতে সহায়তা করে।
- আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্পটি ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে এবং তার বিরুদ্ধে সহনশীলতা বৃদ্ধি করতে সহায়তা করবে বলে আপনি মনে করেন
- আপনার প্রস্তাবিত সমাধান/ প্রকল্পটি হতে হবে স্থানীয় জনগোষ্ঠীর নেতৃত্বে গঠিত এবং বাস্তবায়িত এবং আটটি লোকাল্লি লেড অ্যাডাপ্টেশন প্রিন্সিপ্যালের অন্তত একটির সাথে সামঞ্জস্যপূর্ণ।
- আপনার প্রস্তাবিত সমাধানটি উক্ত অ্যাওয়ার্ড এর চারটি ক্যাটাগরির মধ্যে অন্তত একটির অন্তর্ভুক্ত
- আপনার প্রস্তাবিত সমাধানটি ইতিমধ্যে বাস্তবায়িত হয়েছে অথবা বর্তমানে বাস্তবায়িত হচ্ছে এবং তার আশাব্যঞ্জক ফলাফল ইতিমধ্যে বিদ্যমান।

### আমার প্রস্তাবিত উদ্যোগের / প্রকল্পের বাস্তবায়ন কেবল সাম্প্রতিকভাবে শুরু হয়েছে। আমি কি পুরস্কার এর জন্য বিবেচিত হতে পারি?

যারা বিজয়ী হবে, তাদের কাজ যে প্রকৃতভাবে কার্যকর এবং উপকারী হয়েছে, তা পরিষ্কারভাবে উপস্থাপন করতে হবে। অতএব ২০২৩ সালের অ্যাওয়ার্ড এর জন্য আপনার উদ্যোগ / প্রস্তাবিত সমাধান প্রযোজ্য নয়। আপনি কাজ নিয়ে অগ্রসর করতে থাকুন এবং আশা করি আগামী বছরের অ্যাওয়ার্ড এর জন্য আপনি আবেদন করতে পারবেন।

### আমার উদ্যোগের কারণে বিপন্ন জনগোষ্ঠীর জলবায়ু সহিষ্ণুতা বৃদ্ধি পেয়েছে, কিন্তু তাত্ত্বিকভাবে এটি একটি অভিযোজন বা এডাপটেশন প্রকল্প হিসেবে বিবেচিত নাও হতে পারে। আমি কি তবুও আবেদন করতে পারবো?

হ্যা। যদি আপনি প্রত্যয়জনকভাবে দেখতে পারেন যে আপনি যাদের সাথে কাজ করছেন তারা আপনার কর্মের কারণে জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে এবং এর বিরুদ্ধে সহিষ্ণুতা তৈরী করতে সক্ষম হয়েছেন, এবং আপনার উদ্যোগ আটটি লোকাল্লি লেড অ্যাডাপ্টেশন প্রিন্সিপ্যালের অন্তত একটির সাথে সামঞ্জস্যপূর্ণ, তাহলেই আপনি আবেদন করতে পারবেন।



## বাছাইকরণ প্রক্রিয়া এবং পুরস্কার সংক্রান্ত প্রশ্ন

### বাছাইকরণ কি প্রক্রিয়ায় হবে?

জমা দেয়ার পর আবেদনগুলি একটি নির্ধারিত মানদণ্ড অনুযায়ী বিবেচনা করা হবে। শীর্ষ ২০ আবেদনকারীদের (প্রতিটি ক্যাটাগরি থেকে ৫ জন) একটি টেকনিক্যাল এডভাইসরি গ্রুপ (TAG) এর দ্বারা পর্যালোচনা করা হবে, এবং প্রতি ক্যাটেগরি হতে সেরা ২ টি আবেদন গঠনকৃত সম্মানিত জুরির কাছে প্রেরণ করা হবে, যারা চূড়ান্ত পর্যায়ে বিজয়ীদের নির্বাচিত করবে।

### পুরস্কার এর জন্যে মনোনীত হবার পরে কি?

মনোনীত প্রার্থীগণকে তাদের জমা দেয়া আবেদনের সপক্ষে প্রমাণপত্র সরবরাহ করতে অনুরোধ করা হবে, এবং প্রমাণপত্র সরবরাহের জন্য এক সপ্তাহের সময় দেয়া হবে। নির্দিষ্ট সময়কাল এর মধ্যে প্রমাণপত্র সরবরাহ না করা হলে, পুরস্কার এর তালিকা হতে প্রার্থী কে বাদ দেয়া হবে। প্রমাণপত্র প্রেরণ করা নির্বাচিত প্রার্থীদের জিসিএ ওয়েবসাইটে উল্লেখ করা হবে।

### ১৫,০০০ ইউরো নগদ ক্যাস পুরস্কার ব্যবহার এর কোনো শর্ত বা বাধ্যবাধকতা আছে কি?

যদিও নগদ পুরস্কারের সাথে সাথে কোনো শর্ত সংযুক্ত নেই, জিসিএ অ্যাওয়ার্ডস এবং নগদ পুরস্কার এর কাঙ্খিত উদ্দেশ্য হলো ক্ষুদ্র প্রতিষ্ঠানদের আরও দৃশ্যমান এবং সমৃদ্ধ হতে সহায়তা করা। এক্ষেত্রে জিসিএ আপনার কার্যক্রম ডিজাইন করতে এবং কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করতে সহায়তা করবে।

# **স্বার্থের সংঘাত**
# পরিহার করুন

যখন একটি পেশাদার মূল্যাংকন বা সিদ্ধান্ত কোনো ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হওয়ার ঝুঁকি বহন করে, সেই পরিস্থিতি কে স্বার্থের সংঘাত বলা হয়। জিসিএ অ্যাওয়ার্ডস এর ক্ষেত্রে, টেকনিক্যাল এডভাইসরি গ্রুপ বা সম্মানিত জুরির (একত্রে জিসিএ নির্বাচন কমিটি) কোনো সদস্যর সাথে মনোনীত ব্যক্তি বা প্রতিষ্ঠান এর ব্যক্তিগত সম্পর্কের কারণে স্বার্থের সংঘাত এর নিষ্পত্তি হতে পারে। কোনো প্রকারের অসঙ্গতি এড়ানোর লক্ষ্যে, জিসিএ নির্বাচন কমিটির সদস্যদের নিম্নলিখিত নির্দেশাবলী মেনে চলতে হবে:

**যদি স্বার্থের সংঘাত সনাক্ত করা হয়, তাহলে সংঘর্ষকৃত নির্বাচন কমিটির সদস্যরা সেই সংশ্লিষ্ট নির্বাচনাগুলির সম্পর্কিত আলোচনা থেকে নিজেকে প্রত্যাহার করবে।** প্রত্যাহার এর অর্থ হলো যে সংঘর্ষকৃত সদস্য নির্বাচন সংক্রান্ত কোনো মন্তব্য করতে পারবেনা এবং নির্বাচন বিষয়ক সকল আলোচনায় সেই সদস্য অনুপস্থিত থাকবে।

**জিসিএ নির্বাচন কমিটির প্রতিনিধিরা পুরস্কার এর জন্যে কোনো আবেদনকারী প্রার্থীকে মনোনীত বা অনুমোদিত** করতে পারবেন না।

**জিসিএ অ্যাওয়ার্ডস টীম এবং টেকনিক্যাল এডভাইসরি গ্রুপ এর কোনো সদস্য, আবেদন জমা দেয়ার পূর্বে কোনো মনোনয়ন প্রক্রিয়ার সাথে সরাসরিভাবে নিয়োজিত থাকতে পারবেন না।**

**জিসিএ নির্বাচন কমিটির সদস্যরা কমিটির আভ্যন্তরীণ আলোচনার গোপনীয়তা রক্ষা করতে বাধ্য থাকবে।** নির্বাচন বিষয়ক তথ্য, কমিটির বাহিরে কারো সাথে শেয়ার করা যাবেনা। তা ছাড়া, জিসিএ এর পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করার পূর্বে, কমিটির সদস্যরা পুরস্কার বিজয়ী সম্পর্কে প্রকাশ্যে আলোচনা করা থেকে বিরত থাকবে।

**জিসিএ নির্বাচন কমিটির সদস্যরা অসফল প্রার্থীদের কোনো রকম প্রতিক্রিয়া প্রদান করতে পারবেন না।** যদি কোনো প্রার্থী তাদের কাছে প্রতিক্রিয়া জানানোর অনুরোধ করে থাকে, সেক্ষেত্রে এই নীতির উল্লেখ করা উচিত।

কোনো প্রার্থীর সাথে জিসিএ অ্যাওয়ার্ডস দল, টেকনিকাল এডভাইসরি গ্রুপ বা সম্মানিত জুরির কোনো সদ্যস্যের ব্যক্তিগত বা পেশাদার সম্পর্ক থেকে থাকে, বাছাইকরণ পর্বের শুরুতেই তা প্রকাশ করতে হবে। সে ক্ষেত্রে উক্ত বাছাইকারীরা সেই সকল আবেদনপত্র মূল্যায়ন করা থেকে বিরত থাকবে।